দৈনিক সংবাদ

42

তারিখ ... FEB. 23 2000 ...
পৃষ্ঠা ... কলাম ...

বইমেলা ২০০০

বইমেলা বইমেলা বইমেলা বইমেলা
বইমেলা বইমেলা বইমেলা বইমেলা
বইমেলা বইমেলা বইমেলা বইমেলা

# মুক্তিযুদ্ধ বিষয়ক বইয়েই বেশি উৎসাহী প্রকাশকরা

**সালাম জুবায়ের ঃ** গতকাল মঙ্গলবার একুশোত্তর বইমেলায় ছিল অনেকটা শান্তভাব। দর্শক-কোলাহল কম, বই বিক্রিও হয়েছে কম। কয়েকজন লেখক-প্রকাশকের মতে একুশের নানা অনুষ্ঠানে যোগদান করে অনেকেই ক্লান্ত হয়ে গতকাল বিকেলটা বিশ্রাম করে কাটাচ্ছেন। যারা প্রায় প্রতিদিনই মেলায় অল্প সময়ের জন্য হলেও ঢুঁ মারেন তারাও গতকাল আসেননি।

তবে আজ আবার মেলা জমজমাট ভাবটি ফিরে পাবে বলে সংশ্লিষ্ট সকলের অভিমত। গত কয়েকটি মেলার অভিজ্ঞতায় দেখা গেছে, একুশের পরই মেলায় বই বিক্রি অনেক বেশি হয়। সিরিয়াস ক্রেতারা একুশ পর্যন্ত অপেক্ষা করেন কি কি নতুন বই বেরুলো তা দেখার জন্য।

বইমেলায় অসংখ্য বই প্রদর্শিত হয় স্টলে স্টলে। কিন্তু দর্শক-ক্রেতার নজর কাড়ে কেবল নতুন বই। বিভিন্ন স্টলে কিছু সময় দাঁড়ালে দেখা যায় লোকজন এসেই জানতে চান আমুক লেখকের নতুন কি বই বেরিয়েছে। অনেক দর্শক আবার আগেই খবর নিয়ে এসে তার কাঙ্ক্ষিত বইটি দেখতে চান।

এ ব্যাপারে জানতে চাইলে সময় প্রকাশনের ফরিদ আহমদ বলেন, দু'এক বছর আগে বেরিয়েছে এমন বইমেলার দর্শকরা খুব কম কেনেন। ফলে যাদের স্টলে বেশি নতুন বই থাকে তাদের বিক্রিও অনেক বেশি হয়। এজন্য এবার প্রকাশনা প্রতিষ্ঠানগুলো নতুন বই বেশি বের করছে। তার মতে নতুন বইয়ের মধ্যে আবার বেশি বিক্রি হয় উপন্যাস।

লেখক কলামিস্ট মুনতাসীর মামুন মনে করেন তার মতো লেখকদের বই বিক্রি করে প্রকাশকরা ব্যবসা করতে পারেন না। ব্যবসার জন্য হুমায়ূন আহমেদ, মুহাম্মদ জাফর ইকবাল, ইমদাদুল হক মিলনের মতো জনপ্রিয় লেখকদের উপর নির্ভর করতে হয়। তবে কেন প্রকাশকরা আপনাদের বই প্রকাশ করেন? উত্তরে মুনতাসীর মামুন বলেন, কারণ প্রকাশকরা জনপ্রিয় বইয়ের পাশাপাশি কিছু ভালো বইও বের করতে চান।

এবার মেলায় মুনতাসীর মামুনের মোট ৯টি বই বের হচ্ছে। ইতোমধ্যে ৭টি বই মেলায় এসে গেছে। বাকি দুটো দু'একদিনের মধ্যেই এসে যাবে জানালেন তিনি।


বনেদি প্রকাশনা প্রতিষ্ঠানগুলো এবার মেলায় একটি ভিন্নধর্মী উদ্যোগ নিয়েছে। তাহলো শুধু মুক্তিযুদ্ধবিষয়ক বই বের করা। এবার ৬টি বেরিয়েছে সন্ধানী থেকে। বইগুলো হলো- শামসুর রাহমানের মুক্তিযুদ্ধের কবিতা এবং সুনীল গঙ্গোপাধ্যায়, হাসান আজিজুল হক, সেলিনা হোসেন ও সুশান্ত মজুমদারের মুক্তিযুদ্ধের গল্প, শফিকুল কবিরের মুক্তিযুদ্ধের উপন্যাস স্টেনগান। সন্ধানীর কর্ণধার গাজী শাহাবুদ্দীন আহমেদ 'সংবাদ'কে জানান, এখন থেকে বিভিন্ন লেখকের মুক্তিযুদ্ধের গল্প-কবিতার বই-ই বেশি বের করবো।


আগামী প্রকাশনী এবার মেলায় ৮০টি বই বের করার লক্ষ্য স্থির করেছে। ইতোমধ্যে ৪৫টি বই মেলায় এসে গেছে। আগামীর উল্লেখযোগ্য বইয়ে রয়েছে- শ্যামলী নাসরিন চৌধুরীর 'বেদনায় একাত্তর', অজয় দাশগুপ্তের 'একাত্তরের যাত্রী', হুমায়ুন আজাদের 'নিজের সঙ্গে নিজের জীবনের মধু' এবং 'মহাবিশ্ব', মুহাম্মদ সামাদের 'কবিতা সমগ্র' ইত্যাদি।


অবসর প্রকাশনা সংস্থা মুদ্রণ সৌকর্য সম্পন্ন বই বের করার ব্যাপারে গত কয়েক বছরে বেশ সুনাম কুড়িয়েছে। এবার প্রকাশিত বইয়েও তার ছাপ পাওয়া যায়। অবসর এবার ১৭টি নতুন বই প্রকাশ করেছে। এর মধ্যে রয়েছে বরেন চক্রবর্তীর 'উপদংশ', আহসান হাবিবের '৯৯৯টা জোকস', ইলা মজুমদারের 'শ্রুতিতে স্মৃতিতে বারীন মজুমদার' ফরহাদ খানের 'বাংলা শব্দের উৎস অভিধান'।

সাহিত্য প্রকাশ মেলায় ৩১টি বই প্রকাশ করছে। ২/৩টি ছাড়া সব বই এসে গেছে। উল্লেখযোগ্য বই- শামসুল হক খোকার 'অন্তরালে স্মৃতি সমুজ্জ্বলঃ বঙ্গবন্ধু, তার পরিবার ও আমি', আবুল মাল আবদুল মুহিতের 'বাংলাদেশ জাতিরাষ্ট্রের উদ্ভব', সনজীদা খাতুনের 'রবীন্দ্রনাথের হাতে হাত রেখে' এবং 'ধর্মের কথা আবৃত্তির কথা', সৈয়দ শামসুল হকের 'প্রেমপত্র', আনিসুজ্জামানের 'বাঙালি নারীঃ সাহিত্যে ও সমাজে' রশিদ করিমের 'শ্যামা', দ্বিজেন শর্মার 'বিগলযাত্রীর ভ্রমণ কথা',।

নতুন বই ঃ এনায়েত সোবহানের গল্পের বই একটি দ্বীপের জন্য, শহিদুল ইসলামের জাতীয়তাবাদঃ সাম্প্রদায়িক ভেদবুদ্ধি, আবু বকর সিদ্দিকের ছায়া প্রধান অঘ্রাণ, এ এন রাশেদা সম্পাদিত শিক্ষা বার্তা নির্বাচিত রচনা, শিক্ষা বার্তা প্রকাশনা), শাহরিয়ার সালামের 'তুমি এসো'।







## রাজশাহীতে বইমেলায় চাঁদাবাজি ॥ জননিরাপত্তা আইনে মামলা

**রাজশাহী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ** রাজশাহী বিশ্ববিদ্যালয়ে একুশের বইমেলায় ভয়ভীতি প্রদর্শনের মাধ্যমে চাঁদাবাজির অভিযোগে গত সোমবার মতিহার থানায় জননিরাপত্তা (বিশেষ) আইনে একটি মামলা হয়েছে। জননিরাপত্তা আইনে আরএমপিতে এটিই প্রথম মামলা।